



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়  
রেজিস্ট্রারের কার্যালয়  
www.iau.edu.bd



বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১

স্মারক নং- ইআবি/রেজি/প্রশা/ফা.গ.ব/ব-১৯/২০১৮/২০১৯

তারিখঃ ২৬ আগস্ট ২০২১-বাঃ  
০৬ অক্টোবর ২০২১ ইঃ

বিষয়ঃ গভর্নিং বডি'র সভাপতি ও বিদ্যোৎসাহী প্রতিনিধি মনোনয়ন সংক্রান্ত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রেরিত স্মারক নং ইআবি/রেজি/প্রশা/ফা.গ.ব/ব-১৯/২০১৮/৬২২৩/, তাং-০৮.০৮.২০২১খ্রি. পত্রটি বাতিল করণ এবং এডহক কমিটির সভাপতি ও বিদ্যোৎসাহী প্রতিনিধি মনোনয়ন প্রসঙ্গে।

সূত্রঃ অভিযোগকারীর ০৯.০৮.২০২০খ্রি. তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রে বর্ণিত আবেদনের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চাউলাকাঠী ইসলামিয়া ফাযিল মাদরাসার গভর্নিং বডি'র সভাপতি ও বিদ্যোৎসাহী প্রতিনিধি গত ০৮.০৮.২০১৮খ্রি. তারিখের স্মারক নং ইআবি/রেজি/প্রশা/ফা.গ.ব/ব-১৯/২০১৮/৬২২৩, এর মাধ্যমে মনোনয়ন দেয়া হয়। যথা সময়ে গভর্নিং বডি গঠন করতে ব্যর্থ হওয়ায় এবং তদন্ত কর্মকর্তার তদন্ত প্রতিবেদনে সুপারিশের আলোকে উক্ত গভর্নিং বডি'র সভাপতি ও বিদ্যোৎসাহী প্রতিনিধি মনোনয়ন পত্রটি বাতিল করা হল।

মাদরাসাটি সুষ্ঠুভাবে পরিচালনার জন্য এডহক কমিটির সভাপতি হিসেবে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), বরিশাল এবং বিদ্যোৎসাহী প্রতিনিধি হিসেবে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বানারীপাড়া কে মাননীয় উপাচার্য সদয় মনোনয়ন দান করেছেন।

শর্ত থাকে যে, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), বরিশাল ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বানারীপাড়া বিধি মোতাবেক এডহক কমিটি গঠন করবেন। এডহক কমিটির মেয়াদের মধ্যেই নতুন গভর্নিং বডি গঠনের কার্যক্রম শেষ করতে হবে এবং মেয়াদ উত্তীর্ণের পরবর্তী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে প্রথম সভা করে পূর্ণাঙ্গ গভর্নিং বডি অনুমোদনের জন্য বিশ্ববিদ্যালয়ে জমা দিতে হবে।

উপাচার্যের অনুমোদনক্রমে

(ড. মোঃ রফিক আল-মুমুন)  
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)  
মোবাইলঃ ০১৭০৫৪০৮০০১

অধ্যক্ষ/অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

চাউলাকাঠী ইসলামিয়া ফাযিল মাদরাসা

ডাকঘর- চাখার, উপজেলা- বানারীপাড়া

জেলা- বরিশাল।

স্মারক নং- ইআবি/রেজি/প্রশা/ফা.গ.ব/ব-১৯/২০১৮/২০১৯ (৯) তারিখঃ ০৬/১০/২১ ইঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১। মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম ও ১০ম তলা), নিউ বেইলী রোড, ঢাকা-১০০০।

২। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।

৩। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), বরিশাল ও সভাপতি, চাউলাকাঠী ইসলামিয়া ফাযিল মাদরাসা।

৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বানারীপাড়া ও বিদ্যোৎসাহী প্রতিনিধি, চাউলাকাঠী ইসলামিয়া ফাযিল মাদরাসা।

৫। জনাব মোঃ খিজির সরদার, সভাপতি (বাতিলকৃত), চাউলাকাঠী ইসলামিয়া ফাযিল মাদরাসা।

৬। জনাব মোঃ সিদ্দিকুর রহমান, বিদ্যোৎসাহী প্রতিনিধি (বাতিলকৃত), চাউলাকাঠী ইসলামিয়া ফাযিল মাদরাসা।

৭। উপাচার্য মহোদয়ের একান্ত সচিব (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।

৮। আই.সি.টি শাখা (ওয়েবসাইটে প্রকাশের জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।

৯। সংশ্লিষ্ট নথি।

(ড. মোঃ হানিকা)  
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)  
মোবাইলঃ ০১৭০৫৪০৮০০৪